

বিশ্বমানের জাতীয়  
পরিসংখ্যান ব্যবস্থা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা

পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রণীত 'বার্ষিক প্রতিবেদন ২০২০' চূড়ান্তকরণ-এর লক্ষ্যে যাচাই-বাছাই কমিটির সভার  
কার্যবিবরণী

সভাপতি	শেখ মোঃ কাবেদুল ইসলাম অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৫ জানুয়ারি ২০২২ খ্রি.,
সভার সময়	সকাল: ১১.০০ ঘটিকা
স্থান	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ ব্লক-বি, লেভেল-১০, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল উইং কর্তৃক প্রস্তুত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'বার্ষিক প্রতিবেদন ২০২০'-এর খসড়া প্রতিবেদন চূড়ান্তকরণের বিষয়ে পরবর্তী উপস্থাপনার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।

২। তাঁর অনুমতিক্রমে জনাব খন্দকার মোঃ মাহাবুবুর রহমান, সিনিয়র সহকারী সচিব সভাকে জানান যে, পরিসংখ্যান আইন ২০১৩ এর ২৪ (১) ধারা অনুসারে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে প্রতিবছর ৩১শে মার্চের মধ্যে পূর্ববর্তী ৩১শে ডিসেম্বরে সমাপ্ত এক বছরের কার্যাবলির বিবরণসংবলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করতে হয়। বিধান মোতাবেক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) "বার্ষিক প্রতিবেদন-২০২০" প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনার নিকট দাখিল করেন। প্রাপ্ত প্রতিবেদন সচিব মহোদয় অবলোকন করেন এবং প্রতিবেদনে অসংখ্য ভুল থাকায় তা পূর্ণাঙ্গভাবে দেখার জন্য যুগ্মসচিব জনাব শিরীন বুঝীর নিকট প্রেরণ করেন। প্রতিবেদনটি পূর্ণাঙ্গভাবে পরীক্ষায় এটির মধ্যে অসংখ্য বানান ভুল পাওয়া যায়। বানান শুদ্ধ করে প্রতিবেদনটি এবিভাগে দাখিলের জন্য বিবিএসকে বলা হয় (মৌখিকভাবে)। বিবিএস বার্ষিক প্রতিবেদনটি যাচাই-বাছাই কমিটির পুনরায় অনুমোদনের জন্য উপস্থাপন করেছে।

৩। আলোচনা:

৩.১। আলোচনায় অংশ নিয়ে কমিটির সদস্যগণ ক্রমান্বয়ে প্রতিবেদনের বিভিন্ন অংশে প্রাপ্ত ভুল-ত্রুটিসমূহ সভায় তুলে ধরেন।

৩.২। সভাপতি জানান যে, প্রেরিত পাণ্ডুলিপিতে অসংখ্য বানান ভুল, শব্দের একাধিক রূপের প্রয়োগ (যা বস্তুত এক রকম হওয়া উচিত, উদ্ধৃতি না হলে) এবং বাক্যবিন্যাসেও অসঙ্গতি রয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রকাশনাসমূহ সম্পাদনা করার জন্য ১টি সম্পাদনা কমিটি রয়েছে। বিবিএস-এর সম্পাদনা কমিটি কীভাবে এমন অজস্র

ভুল বানানে পূর্ণ এবং অন্যান্য কিছু অসঙ্গতিসহ প্রতিবেদনটির অনুমোদন দিয়েছে, তা বোধগম্য নয়। তিনি দাখিলকৃত প্রতিবেদনটি ভালোভাবে যাচাই-বাছাইক্রমে অনুমোদনের নিমিত্ত পুনরায় এ কমিটির নিকট দাখিলের পক্ষে মত দেন। সভায় উপস্থিত সকল সদস্য এ বিষয়ে তাঁর সঙ্গে ঐকমত্য পোষণ করেন।

৪। সিদ্ধান্ত:

৪.১। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রেরিত পাণ্ডুলিপিতে অসংখ্য বানান ভুল, শব্দের একাধিক রূপের প্রয়োগ (যা বস্তুত এক রকম হওয়া উচিত, উদ্ধৃতি না হলে), বাক্যবিন্যাসগত ত্রুটি এবং একই বিষয় স্থানবিশেষে একাধিকবার উপস্থাপন (যা বস্তুত পরিহার করা জরুরি) ইত্যাদি অসঙ্গতি দূর করে মুদ্রণেয়/ প্রকাশিতব্য 'বার্ষিক প্রতিবেদন ২০২০' পুনরায় এ বিভাগে প্রেরণের জন্য বিবিএসকে পত্র দিতে হবে।

৫। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।



শেখ মোঃ কাবেদুল ইসলাম  
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০১৯.১৬.০৪১.১৯.২৮

তারিখ: ১৬ মাঘ ১৪২৮

৩০ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৩) যুগ্মসচিব, যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৫) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৬) উপসচিব, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৭) উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৮) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৯) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-৩ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১০) একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)
- ১১) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ১২) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
- ১৩) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি -২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (এ বিভাগে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৪) ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ



খন্দকার মোঃ মাহাবুবুর রহমান  
সিনিয়র সহকারী সচিব